

সিলেটে ছাত্রলীগের দুই পক্ষের গুলি বিনিময়, পথচারী গুলিবিদ্ধ

প্রতিনিধি, সিলেট

০১ আগস্ট ২০১৯, ০১:১৭

আপডেট: ০১ আগস্ট ২০১৯, ০১:১৯



সিলেটে আধিপত্য বিস্তার করা নিয়ে ছাত্রগীগের দুই পক্ষের গোলাগুলি ও সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে রাকিব আহমদ (২০) নামের এক পথচারী গুলিবিদ্ধ হয়েছেন। সংঘর্ষে দুই পক্ষের দুজন গুরুতর আহত হয়েছেন। গুলিবিদ্ধ রাকিব সিলেট নগরের শাহী স্টেডিয়াম এলাকার জয়নাল মিয়ার ছেলে। সংঘর্ষে দুই পক্ষের আহতরা হলেন, মারফ আহমদ (১৮) ও জুনেদ আহমদ (২৯)। বুধবার রাত সাড়ে ৮টার দিকে নগরের কালীবাড়ি এলাকায় এ ঘটনা ঘটে।

সিলেট মহানগর পুলিশের অতিরিক্ত উপকমিশনার (গণমাধ্যম) মো. জেদান আল মুসা প্রথম আলোকে এই তথ্য নিশ্চিত করেছেন।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা গেছে, বুধবার রাত ৮টার দিকে সিলেট নগর ছাত্রগীগের সাবেক সহসভাপতি সুজেল তালুকদার ও রাজনের গ্রন্থের মধ্যে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে সংঘর্ষ বাঁধে। এ সময় উভয় পক্ষের মধ্যে ইট-পাটকেল নিক্ষেপ ও পাল্টাপাল্টি ধাওয়ার ঘটনা ঘটে। সংঘর্ষে সুজেল গ্রন্থের জুনেদ ও রাজন গ্রন্থের মারফ ছুরিকাহত হন। একপর্যায়ে দুই পক্ষের মধ্যে গুলি বিনিময়ের ঘটনা ঘটে। এ সময় কালীবাড়ি এলাকায় বোনের বাড়িতে যাওয়ার পথে রাকিব আহমদের পায়ে গুলি লাগে।

সিলেট মহানগর পুলিশের অতিরিক্ত উপকমিশনার (গণমাধ্যম) মো. জেদান আল মুসা জানান, ছাত্রগীগের দুই পক্ষের মধ্যে আধিপত্য বিস্তার নিয়ে সংঘর্ষের খবর পাওয়া গেছে। এতে একজন পথচারী গুলিবিদ্ধ হয়েছেন বলেও জানা গেছে। এ ছাড়াও দুজন আহত হয়ে সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন। বর্তমানে পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে।

সংঘর্ষের ঘটনায় এ প্রতিবেদন লেখা পর্যন্ত কোনো মামলা হয়নি। সংঘর্ষের বিষয়টি তদন্ত করা হচ্ছে বলে পুলিশের পক্ষ থেকে বলা হয়েছে।